# জাল হাদীছের কবলে রাসূলুল্লাহ (ছাঃ)-এর ছালাত

বিভাগ/অধ্যায়ঃ ছালাতুল জানাযা

রচয়িতা/সঙ্কলকঃ মুযাফফর বিন মুহসিন

(১১) জানাযা পড়ার সময় মৃত ব্যক্তি ভাল ছিল কি-না জিজ্ঞেস করা

মৃত ব্যক্তি সম্পর্কে জনগণের কাছে এ ধরণের স্বীকারোক্তি নেওয়া শরী‘আত সম্মত নয়। তবে মানুষ নিজেদের পক্ষ থেকে স্বেচ্ছায় যা বলবে সেটাই মৃত ব্যক্তির জন্য গৃহীত হবে। খারাপ মন্তব্য হোক বা ভাল হোক।[1] ফেরেশতাগণ এর প্রতি আমীন বলেন।[2] তবে মৃত ব্যক্তির গুণ উল্লেখ করা সম্পর্কে বর্ণিত হাদীছটি যঈফ।

عَنِ ابْنِ عُمَرَ قَالَ قَالَ رَسُوْلُ اللهِ اذْكُرُوْا مَحَاسِنَ مَوْتَاكُمْ وَكُفُّوْا عَنْ مَسَاوِيْهِمْ.

‘তোমরা তোমাদের মৃত ব্যক্তিদের উত্তম কার্যসমূহ উল্লেখ করবে এবং তাদের মন্দকর্ম উল্লেখ করা থেকে বিরত থাকবে’।[3]

তাহক্বীক্ব : উক্ত বর্ণনা যঈফ ও মুনকার। ইমাম তিরমিযী হাদীছটি বর্ণনা করে বলেন,

هَذَا حَدِيْثٌ غَرِيْبٌ سَمِعْتُ مُحَمَّدًا يَقُوْلُ عِمْرَانُ بْنُ أَنَسٍ الْمَكِّىُّ مُنْكَرُ الْحَدِيْثِ ‘

এই হাদীছটি গরীব। আমি ইমাম বুখারীকে বলতে শুনেছি যে, ইমরান ইবনে আনাস আল-মাক্কী পরিত্যক্ত রাবী’।[4] সুতরাং উক্ত অভ্যাস সত্বর পরিত্যাজ্য।

## ফুটনোট

[1]. মুত্তাফাক্ব আলাইহ, বুখারী হা/১৩৬৭, ১/১৮৩ পৃঃ, (ইফাবা হা/১২৮৩, ২/৪১৮ পৃঃ); মিশকাত হা/১৬৬২।

[2]. মুসলিম হা/২১৬৮ ও ২১৬৯, ১/৩০০ পৃঃ, (ইফাবা হা/১৯৯৮), ‘জানাযা’ অধ্যায়, অনুচ্ছেদ-২; মিশকাত হা/১৬১৭ ও ১৬১৯, পৃঃ ১৪১।

[3]. আবুদাঊদ হা/৪৯০০, ২/৬৭১ পৃঃ, ‘আদব’ অধ্যায়, অনুচ্ছেদ-৫০; মিশকাত হা/১৬৭৮, পৃঃ ১৪৭।

[4]. যঈফ তিরমিযী হা/১০১৯, ১/১৯৮ পৃঃ।

Source — https://www.hadithbd.com/books/link/?id=2008

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন